সংবাদ

তারিখ ···২৪ APR 2017···
পৃষ্ঠা: ··৫··· [illegible]

# ৪৭ বছরেও সংস্কার হয়নি খানপুর সর. প্রা. স্কুল ভবন

প্রতিনিধি, বাঘারপাড়া (যশোর)

বাঘারপাড়ার খানপুর সরকারি প্রাইমারী স্কুলের ১৯৭১ সালের সেই পুরাতন ভবনটি ৪৭ বছর ধরে ভেঙে পড়ে আছে। অথচ ভবনটি সংস্কারের উদ্যোগ কেউ নিচ্ছে না। এনিয়ে দীর্ঘদিন ধরে স্কুল কর্তৃপক্ষ এলাকার জনগণের কাছে ব্যাপক সমালোচনার পাত্র হচ্ছে। ১৯৭১সালে এই স্কুলের ভবনটিই এলাকার মধ্যে মনোরম পরিবেশের একমাত্র সুন্দর ভবন ছিল। ঐসময় রাজাকাররা এখানে ঘাঁটি করতে পারে, এই আশংকায় নকশালী নেতারা ডিনামাইট দিয়ে এই ভবনটি ভেঙ্গে চুরমার করে দিয়েছিল। ৭১ সালের সেই ক্ষত চিহ্ন নিয়ে আজও ভাঙা বিল্ডিংটি দাঁড়িয়ে আছে। মাটিতে মিশে যাওয়া অংশের ভাঙ্গাচুরা ইটগুলো জড়ো করে রাখা হলেও তা দিয়ে কোন কিছুই করা সম্ভব হয়নি।

বাঘারপাড়া

এ বিষয়ে গত ২০ এপ্রিল ঐ স্কুলের প্রধান শিক্ষক আসাদুজ্জামান খান ও ম্যানেজিং কমিটির সভাপতি কার্তিক চন্দ্র ঘোষ এর নিকট বিষয়টি জানতে চাইলে উভয়ে বলেন 'এই ভাঙা বিল্ডিংটি সংস্কার করে এখানে নতুন ভবন করার জন্য রেজুলেশন করে উপরি কর্তৃপক্ষকে পাঠানো হয়েছে। এছাড়া স্কুলের পুরাতন আধাপাকা সাবেক টিনের ঘরটিও ভেঙে পড়ার উপক্রম হয়েছে। পরিত্যক্ত অবস্থায় পড়ে থাকলেও যে কোন সময় বড় ধরনের দুর্ঘটনার আশঙ্কাও রয়েছে। কর্তৃপক্ষ অনুমতি দিলে ঐ ভাঙা বিল্ডিংটি সংস্কার করে এখানে নতুন ভবন তৈরি করে বিদ্যালয়ের ব্যাপক উন্নয়ন ঘটাতে সক্ষম হবো বলে আশা রাখি।'

ব্যানবেইস
পরিচালকের কার্যালয়
প্রাপ্তি নং.................................
তারিখ.................................

| | |
|---|---|
| চীফ, পরিসংখ্যান বিভাগ | |
| চীফ, ডি.এল.পি বিভাগ | |
| [illegible] | |
| সিস্টেম [illegible] | |
| প্রশাসনিক কর্মকর্তা | |
| পি.এ. | |

কার্যার্থে/জ্ঞাতার্থে

স্বাক্ষর